# বৃহস্পতিবারের মধ্যেই পদত্যাগ করতে পারেন মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি পদে বিএনপির সম্ভাব্য প্রার্থী হিসেবে দলের মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নামই সবচেয়ে বেশি আলোচনায় রয়েছে। দলীয় সিদ্ধান্ত চূড়ান্ত হলে বৃহস্পতিবার (১৩ আগস্ট) তার নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা হতে পারে। সে ক্ষেত্রে রাষ্ট্রপতি পদে মনোনয়ন জমা দেওয়ার আগেই স্থানীয় সরকারমন্ত্রীর দায়িত্ব ছাড়তে হতে পারে তাকে।

রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল অনুযায়ী, বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা নেওয়া হবে। বিএনপির সংসদীয় সংখ্যাগরিষ্ঠতার কারণে দলটির মনোনীত প্রার্থীই রাষ্ট্রপতি নির্বাচনে এগিয়ে থাকবেন বলে রাজনৈতিক অঙ্গনে ধারণা করা হচ্ছে। তবে এখনো আনুষ্ঠানিকভাবে প্রার্থীর নাম ঘোষণা করেনি বিএনপি।

গত ১ আগস্ট দলের স্থায়ী কমিটির বৈঠকে রাষ্ট্রপতি নির্বাচনের প্রার্থী চূড়ান্ত করার দায়িত্ব বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানকে দেওয়া হয়। মির্জা ফখরুল ছাড়াও নজরুল ইসলাম খান, খন্দকার মোশাররফ হোসেন ও আবদুল মঈন খানের নাম বিভিন্ন পর্যায়ে আলোচনায় এসেছে। তবে সাম্প্রতিক সময়ে মির্জা ফখরুলের নামই সবচেয়ে বেশি গুরুত্ব পাচ্ছে।

রাষ্ট্রপতি পদে তার সম্ভাব্য মনোনয়ন নিয়ে অবশ্য মির্জা ফখরুল নিজে এখনো নিশ্চিত কোনো বক্তব্য দেননি। তিনি বলেছেন, ১৩ আগস্টের পর বিষয়টি পরিষ্কার হবে এবং দলীয় চেয়ারম্যানই চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমানও জানিয়েছেন, রাষ্ট্রপতি প্রার্থী বাছাইয়ের ক্ষমতা চেয়ারম্যানের ওপরই রয়েছে।

রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুলের মনোনয়ন চূড়ান্ত হলে বিএনপির মহাসচিব পদেও পরিবর্তনের সম্ভাবনা তৈরি হবে। দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, দলের মহাসচিব হিসেবে দায়িত্ব পালন এবং সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় পরিচালনার অভিজ্ঞতার কারণে রাষ্ট্রপতি পদে তার নাম আলোচনায় এসেছে বলে দলীয় সূত্রে জানা গেছে। তবে চিফ হুইপ নুরুল ইসলাম মণি জানিয়েছেন, বিএনপির প্রার্থী এখনো আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত হয়নি।